হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসা এলামনাই এসোসিয়েশন

গঠনতন্ত্র

(প্রস্তাবিত - ১৫ই নভেম্বর ২০২৪)

সূচীপত্র

অনুচ্ছেদ ১: নাম এবং উদ্দেশ্য 4

অনুচ্ছেদ ২: সদস্যপদ 4

অনুচ্ছেদ ৩: নির্বাহী কমিটি (নীতি নির্ধারণী পরিষদ) 5

অনুচ্ছেদ ৪: কার্যকরী কমিটি (বাস্তবায়ন পরিষদ) 6

অনুচ্ছেদ ৬: শিক্ষক-শিক্ষার্থী কল্যাণ কর্মসূচি 7

অনুচ্ছেদ ৭: প্রশাসনিক ও আইনগত সহায়তা 8

অনুচ্ছেদ ৮: যোগাযোগ ও ডেটাবেজ 8

অনুচ্ছেদ ৯: ওয়েবসাইট এবং আইটি ভিত্তিক কার্যক্রম 8

অনুচ্ছেদ ১০: সভা এবং পুনর্মিলনী 9

অনুচ্ছেদ ১১: নির্বাচন এবং নির্বাচন প্রক্রিয়া 9

অনুচ্ছেদ ১২: আর্থিক কার্যক্রম 10

অনুচ্ছেদ ১৩: কর্মক্ষমতা ব্যবস্থাপনা 10

অনুচ্ছেদ ১৪: সংশোধনী এবং পরিপূরক বিধি 11

প্রস্তাবনা

আমরা, হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসার প্রাক্তন ছাত্রবৃন্দ, ইসলামের মূল্যবোধ এবং কোরআন ও সুন্নাহর মহিমাময় শিক্ষা দ্বারা গভীরভাবে অনুপ্রাণিত হয়ে এই গঠনতন্ত্র প্রণয়ন করছি। ইসলামের ঐক্য, জ্ঞান এবং সততার নীতিগুলির প্রতি শ্রদ্ধা জানিয়ে আমরা প্রাক্তন ছাত্রদের মধ্যে এক মহৎ বন্ধন প্রতিষ্ঠা করতে এবং আমাদের প্রিয় মাদ্রাসার অতীত এবং ভবিষ্যত প্রজন্মের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করার উদ্দেশ্যে এই গঠনতন্ত্র তৈরি করছি।

বর্তমান সময়ের চ্যালেঞ্জ এবং সুযোগের প্রেক্ষিতে, আমরা অনুধাবন করি যে আমাদের শিক্ষার্থী ও শিক্ষকদের জীবনে শিক্ষা, নৈতিক দিকনির্দেশনা এবং বুদ্ধিবৃত্তিক উন্নয়ন কতটা গুরুত্বপূর্ণ। আমাদের মাদ্রাসা, ইসলামী শিক্ষায় গভীরভাবে শিকড়িত, এমন একটি পরিবেশ সৃষ্টি করতে চাই যেখানে শিক্ষার্থীরা কেবলমাত্র ধর্মীয় জ্ঞানই নয়, বরং আধুনিক সমাজের জটিলতা মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দক্ষতাও অর্জন করবে। আমরা বিশ্বাস করি যে প্রাক্তন ছাত্র, শিক্ষক এবং শিক্ষার্থীদের প্রচেষ্টার সমন্বয়ে আমরা আমাদের প্রতিষ্ঠানের শিক্ষা এবং নৈতিক ভিত্তিকে আরও শক্তিশালী করতে পারি।

এই উদ্দেশ্যকে সামনে রেখে, আমরা হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসা অ্যালামনাই অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করছি, যা ইসলামী মূল্যবোধ প্রচার, শিক্ষা উন্নয়ন এবং আমাদের সম্প্রদায়ের কল্যাণে যথার্থ অবদান রাখবে। আমাদের লক্ষ্য হল, ইসলামের চিরন্তন শিক্ষা অনুযায়ী মাদ্রাসার জ্ঞান, নৈতিকতা এবং সেবার প্রতি প্রতিশ্রুতি রক্ষা করা এবং আমাদের প্রাক্তন ছাত্র, শিক্ষার্থী, শিক্ষক এবং সমাজের জন্য কল্যাণকর ভূমিকা পালন করা।

আল্লাহ তাআলা আমাদের উদ্দেশ্য সঠিক রাখার এবং আমাদের প্রচেষ্টাকে বরকত দান করার মাধ্যমে সাহায্য করুন।

অনুচ্ছেদ ১: নাম এবং উদ্দেশ্য

নাম: এই সংগঠনের নাম হবে হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসা অ্যালামনাই অ্যাসোসিয়েশন (যা এখানে "অ্যাসোসিয়েশন" নামে উল্লেখ করা হবে)।

অ্যাসোসিয়েশনের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- ◈ প্রাক্তন ছাত্রদের মধ্যে ঐক্য ও সহযোগিতার মনোভাব গড়ে তোলা।
- ◈ প্রাক্তন ছাত্রদের সাথে মাদ্রাসার সম্পর্ক বজায় রাখা।
- ◈ নেটওয়ার্কিং, পরামর্শদান ও পেশাগত উন্নয়নের সুযোগ প্রদান।
- ◈ মাদ্রাসার শিক্ষা, সংস্কৃতি ও সামাজিক উন্নয়নে সহযোগিতা করা।
- ◈ মাদ্রাসা ও সমাজের কল্যাণে বিভিন্ন অনুষ্ঠান, পুনর্মিলনী, দাতব্য ও সহযোগিতার কার্যক্রম আয়োজন করা।

অনুচ্ছেদ ২: সদস্যপদ

যোগ্যতা: হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসার সকল প্রাক্তন ছাত্র, শিক্ষক ও কর্মচারী এই সংগঠনের সদস্য হতে পারবেন।

সদস্যপদের ধরন:

- ◈ **সাধারণ সদস্য:** হযরতপুর আহমাদিয়া দাখিল মাদ্রাসার সকল প্রাক্তন ছাত্র।
- ◈ **সম্মানসূচক সদস্য:** যারা মাদ্রাসার জন্য গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, কিন্তু প্রাক্তন ছাত্র নন, তাদের সম্মানসূচক সদস্য করা যেতে পারে।
- ◈ **সহযোগী সদস্য:** বর্তমান বা প্রাক্তন শিক্ষক এবং কর্মচারীরা সহযোগী সদস্য হতে পারবেন।
- ◈ **সদস্যপদ ফি:** বার্ষিক ফি এক্সিকিউটিভ কমিটির মাধ্যমে নির্ধারিত হবে, এবং যোগদানের সময় এককালীন রেজিস্ট্রেশন ফি ধার্য করা যেতে পারে।

অনুচ্ছেদ ৩: নির্বাহী কমিটি (নীতি নির্ধারণী পরিষদ)

নির্বাহী কমিটি

গঠন: নির্বাহী কমিটি সমিতির লক্ষ্য পূরণের জন্য বিভিন্ন প্রকল্প এবং কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়নের দায়িত্বে থাকবে।

পরিচালনা: সহ-সভাপতি নির্বাহী কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন, প্রয়োজন অনুযায়ী সভা আহ্বান করবেন এবং সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করবেন।

দায়িত্ব: নির্বাহী কমিটির সদস্যরা নির্দিষ্ট প্রকল্প ও উদ্যোগ বাস্তবায়নে সহায়তা করবেন।

সভা: নির্বাহী কমিটি প্রতি মাসে বা প্রয়োজন অনুযায়ী সভা করবে এবং এই সভায় গৃহীত সিদ্ধান্তগুলি বাস্তবায়ন করবে।

নির্বাহী কমিটি নিম্নলিখিত নির্বাচিত পদ নিয়ে গঠিত হবে:

- ◈ সভাপতি
- ◈ সহ-সভাপতি
- ◈ সাধারণ সম্পাদক
- ◈ পাবলিক ম্যানেজমেন্ট সেক্রেটারি
- ◈ কোষাধ্যক্ষ

কার্যকাল: নির্বাহী কমিটির সদস্যগন (সিনিয়র নির্বাহী সদস্যগন) ও পরিচালক দেড় বছরের জন্য দায়িত্ব পালন করবেন এবং বাকি সকল সদস্য + ব্যবস্থাপনা কমিটি, ১ বছরের জন্য দায়িত্ব পালন করবেন। এরপর নির্বাচন/সিলেকশন প্রক্রিয়া অনুষ্ঠিত হবে।

যদি তা নভেম্বর/ডিসেম্বরের মধ্যে সভাপতি অনুষ্ঠান না করেন তাহলে ব্যবস্থাপনা পরিষদের পরিচালকের নেতৃত্বে সিনিয়র নির্বাহী সদস্যগন পরবর্তী সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচন করবেন।

দায়িত্ব ও পরিধি:

- **সভাপতি:** সভা পরিচালনা, অ্যাসোসিয়েশনের প্রতিনিধিত্ব করা এবং সার্বিক দিকনির্দেশনা প্রদান।
- **সহ-সভাপতি:** সভাপতিকে সহায়তা করা এবং সভাপতির অনুপস্থিতিতে দায়িত্ব পালন। এছাড়াও, সহ-সভাপতি কার্যনির্বাহী কমিটি পরিচালনা করবেন এবং সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য দায়িত্ব পালন করবেন।
- **সাধারণ সম্পাদক:** সমস্ত যোগাযোগ, নথিপত্র রক্ষণাবেক্ষণ এবং যোগাযোগের দায়িত্ব পালন।
- **যুগ্ম সাধারণ সম্পাদক:** সাধারণ সম্পাদককে সহায়তা করা এবং অনুপস্থিতিতে দায়িত্ব পালন।
- **কোষাধ্যক্ষ:** আর্থিক বিষয়াদি পরিচালনা, আর্থিক রেকর্ড সংরক্ষণ এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন প্রদান।
- **নির্বাহী সদস্যগণ:** বিভিন্ন কার্যক্রমে সহায়তা করা এবং সাধারণ সদস্যদের প্রতিনিধিত্ব করা।

অনুচ্ছেদ ৪: কার্যকরী কমিটি (বাস্তবায়ন পরিষদ)

শিক্ষা

নির্বাহী কমিটি শিক্ষার্থীরা বর্তমান ছাত্রদের জন্য বিভিন্ন শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করবে।

- **এডুকেশনাল সাপোর্ট প্রোগ্রাম:** শিক্ষার্থীদের জন্য টিউশন, বৃত্তি এবং বিভিন্ন পরীক্ষার প্রস্তুতির জন্য বিশেষ সহায়তা প্রদান করা হবে।
- **ছাত্র জমিয়ত:** শিক্ষার্থীদের মধ্যে সামাজিক ও নৈতিক মূল্যবোধ গড়ে তোলার জন্য এবং সহযোগিতা বৃদ্ধির জন্য "ছাত্র জমিয়ত" নামে একটি বিশেষ সংগঠন পরিচালিত হবে।
- **অনুবাদ কর্মশালা:** শিক্ষার্থীদের অনুবাদ দক্ষতা উন্নয়নের জন্য অনুবাদ কর্মশালা আয়োজন করা হবে। এই কর্মশালায় কোরআন, হাদিস এবং অন্যান্য সাহিত্যিক গ্রন্থের অনুবাদের উপর ভিত্তি করে ক্লাস পরিচালনা করা হবে।

দক্ষতা উন্নয়ন কার্যক্রম

- **ক্যারিয়ার কাউন্সেলিং:** শিক্ষার্থীদের উচ্চশিক্ষা এবং ক্যারিয়ার গঠনের জন্য পরামর্শ প্রদান করা হবে। অভিজ্ঞ প্রাক্তন ছাত্র এবং সদস্যদের মাধ্যমে ক্যারিয়ার গাইডেন্স সেশন আয়োজন করা হবে।
- **আইটি শিক্ষা:** শিক্ষার্থীদের প্রযুক্তি-সক্ষম করতে বিভিন্ন আইটি কর্মশালা, যেমন প্রোগ্রামিং, ওয়েব ডিজাইন, ডেটা বিশ্লেষণ ইত্যাদির ব্যবস্থা করা হবে।
- **ভার্চুয়াল আচরণ:** বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম কিভাবে ব্যবহার করা যায়।
- **ল্যাঙ্গুয়েজ ক্লাব:** শিক্ষার্থীদের ইংরেজি, বাংলা ও অন্যান্য ভাষার দক্ষতা বাড়ানোর জন্য ক্লাস এবং সেশন পরিচালনা করা হবে।

অনুচ্ছেদ ৬: শিক্ষক-শিক্ষার্থী কল্যাণ কর্মসূচি

মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের কল্যাণে বিভিন্ন সহায়তামূলক কার্যক্রম পরিচালিত হবে। এই কার্যক্রমের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য আর্থিক ও অন্যান্য লজিস্টিক সহায়তা প্রদান। কার্যনির্বাহী কমিটি এই কর্মসূচির জন্য দায়িত্বপ্রাপ্ত থাকবে।

শিক্ষক কল্যাণ তহবিল: মাদ্রাসার বর্তমান ও প্রাক্তন শিক্ষকদের জন্য কল্যাণ তহবিল গঠন করা হবে, যা অসুস্থতা, জরুরি প্রয়োজনে আর্থিক সহায়তা হিসেবে প্রদান।

শিক্ষার্থী কল্যাণ তহবিল: প্রয়োজনীয় শিক্ষার্থীকে আর্থিক সহায়তা, টিউশন ফি, এবং শিক্ষামূলক উপকরণ প্রদান করা হবে। শিক্ষার্থীর পড়াশোনা চালিয়ে যাওয়ার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান।

আবাসন ও যাতায়াত সহায়তা: দরিদ্র ও প্রান্তিক শিক্ষার্থীদের যাতায়াত ও আবাসন খাতে সহায়তা প্রদান।

লজিস্টিক সহায়তা: শিক্ষার্থীদের পাঠ্যপুস্তক, ইউনিফর্ম এবং অন্যান্য শিক্ষা উপকরণের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে। প্রয়োজন হলে, অ্যাসোসিয়েশন থেকে সরাসরি এই উপকরণ সরবরাহ করা।

অনুচ্ছেদ ৭: প্রশাসনিক ও আইনগত সহায়তা

প্রশাসনিক সহায়তা: মাদ্রাসা ও শিক্ষার্থীদের প্রশাসনিক সহায়তার প্রয়োজন হলে অ্যাসোসিয়েশন তা প্রদান করবে, যেমন বিভিন্ন নথি, ফরম পূরণ এবং অন্যান্য প্রশাসনিক কার্যক্রমে সহযোগিতা।

আইনগত সহায়তা: শিক্ষার্থী বা মাদ্রাসার যেকোনো সদস্যের প্রয়োজনে আইনি পরামর্শ বা সহায়তা প্রদান করা হবে। প্রয়োজনে অ্যাসোসিয়েশন আইন বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে সমস্যার সমাধান করবে।

অনুচ্ছেদ ৮: যোগাযোগ ও ডেটাবেজ

সদস্যদের ডেটাবেজ: সমস্ত সদস্যদের নাম, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করে একটি ডেটাবেজ তৈরি করা হবে। এটি নিয়মিতভাবে হালনাগাদ করা হবে।

যোগাযোগ পদ্ধতি: ইমেইল, মেসেজিং প্ল্যাটফর্ম এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অ্যাসোসিয়েশনের সব কার্যক্রমের সাথে সদস্যদের যুক্ত রাখা হবে।

কার্যালয়: তথ্যের আদান-প্রদান এবং কার্যক্রমের জন্য একটি ভার্চুয়াল কার্যালয় গঠন করা হবে।

অনুচ্ছেদ ৯: ওয়েবসাইট এবং আইটি ভিত্তিক কার্যক্রম

ওয়েবসাইট: অ্যাসোসিয়েশনের জন্য একটি ওয়েবসাইট তৈরি করা হবে, যেখানে সকল তথ্য ও কার্যক্রমের বিবরণ দেওয়া থাকবে। ওয়েবসাইটে সদস্যপদ রেজিস্ট্রেশন, অনুষ্ঠানের সময়সূচি, এবং অন্যান্য তথ্য দেওয়া হবে।

অনলাইন ক্লাস ও ওয়ার্কশপ: শিক্ষার্থীদের জন্য অনলাইন ক্লাস ও প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হবে, যা সদস্যরা যে কোনো স্থান থেকে অংশগ্রহণ করতে পারবেন।

ডিজিটাল লাইব্রেরি: সদস্যদের জন্য শিক্ষামূলক বই, ডকুমেন্ট, এবং মাল্টিমিডিয়া উপকরণ সংরক্ষণে একটি ডিজিটাল লাইব্রেরি তৈরি করা হবে।

অনুচ্ছেদ ১০: সভা এবং পুনর্মিলনী

সাধারণ সভা: সমিতি প্রতি বছর অন্তত একটি সাধারণ সভা আয়োজন করবে, যেখানে কার্যক্রম পর্যালোচনা এবং গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

নির্বাহী কমিটির সভা: নির্বাহী কমিটির সভা প্রতি ত্রৈমাসিকে বা প্রয়োজন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

বিশেষ সভা: সভাপতির নির্দেশে বা এক-তৃতীয়াংশ সদস্যদের অনুরোধে একটি বিশেষ সভা আহ্বান করা যেতে পারে।

কোরাম: সাধারণ সভার জন্য সক্রিয় সদস্যদের কমপক্ষে ২০% উপস্থিতি প্রয়োজন। নির্বাহী কমিটির সভার জন্য অধিকাংশ সদস্যদের উপস্থিতি প্রয়োজন।

অনুচ্ছেদ ১১: নির্বাচন এবং নির্বাচন প্রক্রিয়া

নির্বাচন প্রক্রিয়া: সভাপতি ও সাধারণ সম্পাদকের পদে নির্বাহী কমিটির নির্বাচন প্রতি বছর নভেম্বর/ডিসেম্বরে সাধারণ সভায় অনুষ্ঠিত হবে। (যদি নির্ধারিত সময়ের মধ্যে নতুন নেতৃত্ব গঠিত না হয়, তাহলে সিনিয়র নির্বাহী সদস্যরা পরিচালনা পর্ষদের অন্তর্বর্তীকালীন দায়িত্ব গ্রহণ করবেন, পরিচালকের নেতৃত্বে।)

যোগ্যতা: সকল সাধারণ সদস্য ভোটদানের এবং প্রার্থী হিসেবে নির্বাচনে অংশগ্রহণের যোগ্য।

ভোটদান: ভোটদান গোপন ব্যালট বা অনলাইন ভোটিং-এর মাধ্যমে পরিচালিত হবে, যা সিনিয়র নির্বাহী সদস্যদের দ্বারা নির্ধারিত হবে।

নির্বাচন: বাকি পদসমূহ অভিজ্ঞতা, উৎসাহ এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবে।

অনুচ্ছেদ ১২: আর্থিক কার্যক্রম

তহবিল: সমিতির তহবিল সদস্যপদ ফি, অনুদান, অর্থ সংগ্রহ কার্যক্রম এবং গ্রান্ট থেকে আসবে।

আর্থিক ব্যবস্থাপনা: কোষাধ্যক্ষ সকল তহবিল পরিচালনা, আর্থিক রেকর্ড রক্ষণাবেক্ষণ এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন উপস্থাপন করবেন।

অনুচ্ছেদ ১৩: কর্মক্ষমতা ব্যবস্থাপনা

কর্মক্ষমতা ব্যবস্থাপনার সচিব স্বাধীনভাবে সমস্ত পর্যবেক্ষণের প্রতিবেদন নির্বাহী কমিটির পাবলিক ম্যানেজমেন্ট সচিবকে প্রদান করবেন। তারা সমস্ত প্রাসঙ্গিক বিষয়াদি প্রকাশ করবেন যা নিম্নোক্ত বিষয়সমূহকে প্রভাবিত করে:

- মাদ্রাসা
    - ছাত্রদের পারফরমেন্স মূল্যায়ন
    - শিক্ষকদের পারফরমেন্স মূল্যায়ন
    - কমিটি এবং কর্মীদের কর্মক্ষমতা
- Alumni Association
    - আর্থিক প্রতিবেদন
    - কমিটি অনুযায়ী কার্যক্রমের পারফরমেন্স
    - সামগ্রিক গুণমান নিয়ন্ত্রণ
    - শৃঙ্খলা
    - সভাপতির দায়িত্ব পালন
    - সচিবের কার্যক্রমের গঠন

অনুচ্ছেদ ১৪: সংশোধনী এবং পরিপূরক বিধি

সংশোধনী: প্রয়োজন অনুযায়ী, নির্দিষ্ট সংখ্যক সদস্যদের উপস্থিতিতে সংশোধনী আনা হবে।

এই গঠনতন্ত্র হযরতপুর আহমদিয়া দাখিল মাদ্রাসা এলামনাই কাঠামো, লক্ষ্য এবং কার্যক্রমের নির্দেশনা প্রদান করে, যা মাদ্রাসা এবং এর সম্প্রদায়ের পারস্পরিক উন্নয়ন এবং সমৃদ্ধির জন্য সহায়ক।